



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।



কলেজ কোড: ঢাকা শিক্ষা বোর্ড : ৪৫২৫, EIIN : ১১৪৭৪৩, জাতীয় বিশ্ববিদ্যালয় : ৫৩০৭

e-mail : kgc10.tangail@gmail.com web: www.kgc.ac.bd, Phone: 02997752601

তারিখ: ০৯/০২/২০২২ খ্রি.

## বিজ্ঞপ্তি

এতদ্বারা কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল এর ২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছুক ছাত্রীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ১৯/০২/২০২২ খ্রি. হতে ২৪/০২/২০২২ খ্রি. পর্যন্ত বোর্ড কর্তৃক প্রেরিত তালিকা মোতাবেক অনলাইনে ভর্তি কার্যক্রম চলবে। ভর্তির জন্য <http://kgc.eshiksabd.com/> লিংকে প্রবেশ করে শিক্ষার্থীদের কমন ইউজার আইডি ও পাসওয়ার্ড (User : **kgcstudent** Password: **kgcstudent**) ব্যবহার করে Login করে মেনু থেকে Admission পরবর্তিতে Click for New Admission এ ক্লিক করে শিক্ষার্থী Select Group এ HSC, Select Department - বিভাগ/গ্রুপ নির্বাচন করে **Admission Roll** হিসেবে **SSC Roll** দিয়ে Click for Admission এ ক্লিক করে সঠিক বিষয় নির্বাচন দিয়ে ফরম পূরণ করে সাবমিট করতে হবে।

### ভর্তি ফি

মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা:	বিজ্ঞান শাখা :
ক) ভর্তি ফিসহ সেশন চার্জ = ২৫৬৯/-টাকা।	ক) ভর্তি ফিসহ সেশন চার্জ (ব্যবহারিক ফি সহ) = ২৮২৯/-টাকা।
খ) ভর্তি ফিসহ সেশন চার্জ (১টি ব্যবহারিক ফি সহ) = ২৬০৯/-টাকা।	
গ) ভর্তি ফিসহ সেশন চার্জ (২টি ব্যবহারিক ফি সহ) = ২৬৪৯/-টাকা।	

নোট: গার্হস্থ্য ও ভূগোল বিষয় থাকলে প্রতি বিষয়ের জন্য অতিরিক্ত ৪০/- টাকা ব্যবহারিক ফি দিতে হবে।

‘নগদ’ মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ২৪/০২/২০২২ খ্রি. বিকাল ৩ টার মধ্যে পরিশোধ করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। শিক্ষার্থীরা ‘নগদ’ এ নির্ধারিত টাকা পরিশোধ করলে স্বয়ংক্রিয়ভাবে **শ্রেণি রোল** পড়বে এবং প্রদত্ত মোবাইল নম্বরে ভর্তি সম্পন্ন হওয়ার Message যাবে। Message এ প্রাপ্ত **শ্রেণি রোল** ও পেমেন্ট **Transaction No** ফরমের উপর লিখে নির্দিষ্ট কাউন্টারে নিম্নে বর্ণিত কাগজপত্র অনলাইনে পূরণকৃত ফরমের সাথে জমা দিতে হবে।

### ভর্তির সময় যা সঙ্গে আনতে হবে :

- ১। মাধ্যমিক/সমমান পাশের মূল ট্রান্সক্রিপ্ট।
- ২। প্রতিষ্ঠান প্রধানের প্রশংসা পত্রের ফটোকপি, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও মূল ট্রান্সক্রিপ্ট এর ফটোকপি ২টি করে।
- ৩। ৪ কপি পার্সপোর্ট সাইজের রসিদ ছবি ব্যাক গ্রাউন্ড সাদা কলেজ ইউনিফর্ম পরিহিত(সাদা কামিজ, সাদা ওড়না ও সাদা সেলোয়ার)
- ৪। মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান হলে (মুক্তিযোদ্ধা কমান্ডারের সম্পর্কের প্রত্যয়নপত্র), শিক্ষা কোটার প্রত্যয়ন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
- ৫। জন্ম নিবন্ধনের ০১(এক) কপি ফটোকপি।
- ৬। পিতা, মাতার জাতীয় পরিচয়পত্রের (স্পষ্ট) ০১ (এক) কপি ফটোকপি।

বিঃদ্র: ভর্তির নির্দিষ্ট সময়ের মধ্যে মূল ট্রান্সক্রিপ্ট জমা না দিলে ভর্তি বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। ছবি ও অন্যান্য কাগজপত্র সত্যায়িত করার প্রয়োজন নেই।

### অন্যান্য করণীয়:

- ১। মাস্ক পরিধান বাধ্যতামূলক।
- ২। স্বাস্থ্যবিধি মেনে লাইনে (৩ ফুট দূরত্বে) দাঁড়িয়ে ভর্তিকার্যক্রম সম্পন্ন করতে হবে।
- ৩। দ্বিতীয় গেটের ভিতরে কোন অভিভাবক প্রবেশ করতে পারবে না।

অতএব স্বাস্থ্যবিধি মেনে সংশ্লিষ্ট সকলকে ভর্তিকার্যক্রমে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ  
কুমুদিনী সরকারি কলেজ  
টাঙ্গাইল।

আহবায়ক  
একাদশ শ্রেণির ভর্তি কমিটি/২০২২  
কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।

## পেমেন্ট করার পদ্ধতি

### নগদ USSD দিয়ে পেমেন্ট করার পদ্ধতি (বাটন মোবাইল বা অ্যাপ ছাড়া মোবাইল এর ক্ষেত্রে)

১. নগদ-এ প্রবেশ করার জন্য \*১৬৭# ডায়াল করুন।
২. মেন্যু থেকে Bill pay সিলেক্ট করুন।
৩. Other বেছে নিতে ১১ লিখে সেন্ড করুন।
৪. Biller A/C Number বেছে নিতে ১ লিখে সেন্ড করুন।
৫. Biller A/C Number ১১৮১ প্রদান করুন।
৬. SSC Roll প্রদান করুন।
৭. সব তথ্য যাচাই করে পিন টাইপ করুন। পেমেন্ট শেষে কনফার্মেশন নোটিফিকেশন পাবেন।

সকল পেমেন্ট এ  
১.২৫% চার্জ প্রযোজ্য হবে

### নগদ APP দিয়ে পেমেন্ট করার পদ্ধতি (স্মার্ট মোবাইল এর ক্ষেত্রে)

১. নগদ অ্যাপ এ প্রবেশ করুন।
২. বিল পে মেন্যু বাটনে ক্লিক করুন।
৩. বিলার তালিকা থেকে Kumudini Govt. College সিলেক্ট করুন।
৪. SSC Roll প্রদান করুন।
৫. সকল তথ্য যাচাই করুন।
৬. পিন টাইপ করুন।
৭. ট্যাপ করে ধরে রাখুন পেমেন্ট শেষে কনফার্মেশন নোটিফিকেশন পাবেন।

### নগদ APP দিয়ে পেমেন্ট করার পদ্ধতি



১  
বিল পে বাটনে  
ক্লিক করুন



২  
বিলার তালিকা থেকে  
Kumudini Govt. College সিলেক্ট করুন



৩  
Student ID/Class Roll  
প্রদান করুন



৪  
সকল তথ্য যাচাই করুন



৫  
পিন টাইপ করুন



৬  
ট্যাপ করে ধরে রাখুন  
পেমেন্ট শেষে কনফার্মেশন  
নোটিফিকেশন পাবেন

ভারপ্রাপ্ত অধ্যক্ষ  
কুমুদিনী সরকারি কলেজ  
টাঙ্গাইল।

আহবায়ক  
একাদশ শ্রেণির ভর্তি কমিটি/২০২২  
কুমুদিনী সরকারি কলেজ, টাঙ্গাইল।